

ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের আর্থিক সহায়তা

■ ইত্তেফাক রিপোর্ট

দেশে প্রথমবারের মতো ১০০ মিলিয়ন টাকার বরাদ্দ এবং প্রতিমাসে ৫০ হাজার ছাত্র-ছাত্রীকে জনপ্রতি ১ হাজার টাকা করে এককালীন আর্থিক সহায়তা দেয়া হচ্ছে। এ ছাড়াও, 'হামক্বক মিশন' বৌদ্ধ বিহার, মঠ ও টোল প্রায় ১০ হাজার শিক্ষার্থীকে জনপ্রতি ১ হাজার টাকা করে এককালীন সহায়তা প্রদানের কাজ চলেছে। সাপোর্ট সার্ভিস প্রোগ্রাম ফর ডলনাবেবল গ্রুপ (এসএসপিভিডি) সীর্ষক একটি প্রকল্পের মাধ্যমে এ আর্থিক সহায়তা প্রদানের কাজ চলেছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় চলতি অর্থবছরে (২০০৯-১০) এ প্রকল্প গ্রহণ করে।

এ প্রকল্পের বরাদ্দ করা হয়েছে ২০ কোটি টাকা। এর অধীনে সমাজ সেবা অধিদপ্তর হবিগঞ্জ জেলার চুনকমাটি, মাধবপুর ও বার্ষক উপজেলা এবং সিলেট জেলার সদর উপজেলার বিভিন্ন চা বাগানের ১৭ হাজার ৫শ জন শ্রমিকের আর্থ-সাময়িক উন্নয়নে কাদা ও পলি সামগ্রী বিতরণ শুরু করেছে। এসব চা

শ্রমিকের প্রতি পরিবারকে ৩ হাজার ৬শ টাকা করে খাদ্যসামগ্রী পুথক পুথক প্যাকেটজাত অবস্থায় মোট ৩ নম্বর বিতরণ করা হবে। এ জন্য এ প্রকল্পে ৭ কোটি টাকা এবং ক্যানার আক্রান্ত গরীব রোগীদের জন্য এ প্রকল্পের আওতায় ৫ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। ১ হাজার অসঙ্খল ক্যানার রোগীকে রোগী প্রতি ৫০ হাজার টাকা সহায়তা প্রদান করা হবে।